

প্রেমের বিভুতি মোহাম্মদ আবদুর রায়হাক

সে রাতের দহলিজে কানারা করেছিল ভিড়।
তাল, লয়, সুরহীন, মন্দাক্রান্তা ভাঙ্গনের গানে
দুঃখময় চারিদিক ছুঁয়েছিল আকাশের তীর;
যেখানে বিশীর্ণ চাঁদ কাঁদে চেয়ে পৃথিবীর পানে।

পাতায় পাতায় ঝারে শিশিরের সিক্ক ভালবাসা
যার প্রেমে সে পাথিক জীবনের সীমানা পেরিয়ে
সুরলোকে ধাবমান। তবু এক অনন্ত জিজ্ঞাসা
মনে জাগে বার বার - কি গোপন বেদনা এড়িয়ে

চলে গেলো সে প্রেমিক, জীবনের সব গান ভুলে?
কি এমন ব্যথা তার? এ কি কোন তীব্র অভিমান ?
বেদনা বিধুর কোন বন্ধনায় হলাহল পান?
কে জানে কি ঘটেছিল তার জীবনের বেদীমূলে।

সে কোন অতীত থেকে প্রেমিক দিয়েছে আত্মাহতি;
অন্তহীন প্রশ্ন রেখে তুলে ধরে প্রেমের বিভুতি।

সিদ্ধী
জুলাই ৩, ২০০৮